গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪- ৭৮৯ তারিখ ঃ ০৯/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।

রাজৈর উপজেলা পরিষদের আগস্ট-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ১৬ আগস্ট, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৯/০৮/২০২৩
(খাদিজা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার (ভাঃ)
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর
০৮। উপজেলা.................................. কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ..........................ইউপি, রাজৈর।
১০। জনাব...............................................................
..............................................................................

(তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র
cauzprajoir@gmail.com/ সরাসরি
প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

D:\Office Documents File\Resulation\G Notice.doc

# উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর আগস্ট-২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স।

তারিখ : ১৬-০৮-২০২৩খ্রি
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>আমন আবাদের তথ্যঃ<br>রাজৈর উপজেলায় চলতি মৌসুমে হাইব্রিড উফশী আবাদ-৪৭ হেক্টর, উফশী-৯২২ হেক্টর, স্থানীয়-৩৫১ হেক্টর।<br>সারের বরাদ্দ<br>ইউরিয়া-১৬৮ মে.টন, ডিএপি-১২৮ মে.টন, টিএসপি-১৫ মে.টন, ও এমওপি-২৬ মে.টন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণকরণসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা (ভারপ্রাপ্ত), রাজৈর তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন। বহিঃ বিভাগে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যাঃ ১২৯১৫ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৬১৮ জন, আন্তঃ বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ১১৬৪ জন, সিজারিয়ান অপারেশন ০৪ জন, স্বাভাবিক প্রসব ০৭ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৭৭ জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ৫৫ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা ০ জন, শয্যা ব্যবহারের হার ১৩২.৫৮%, মৃত্যুর হার .২৫%, রোগীর গড় অবস্থান ৫.৫৮ দিন, ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৩৬১৭ জন, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১২২১১ জন। এছাড়াও জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার এর স্ক্রিনিং কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত ও সম্পৃক্ত করে স্ক্রিনিং কার্যক্রম জোরদারকরণের জন্য মাসিক সমন্বয় সভায় এজেন্ডা রাখার জন্য স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, ঢাকা এর ০৩-০১-২০২৩ খ্রি তারিখের স্বাঃঅধিঃ/এমএনসিএন্ডএইচ/এমএইচ/সিএসএম এসইউ/২০২২/০৫ নং স্মারক পত্রের মাধ্যমে সদয় নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | সঠিকভাবে সার্বিক কার্যক্রম বাস্তবায়নের পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-২৯৫০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-২০৬৬ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২০৬৯০ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-১১ টি, কৃত্রিম প্রজনন-৪৬২ টি, সংকর জাতের বাছুরের তথ্য-১৯১ টি, গবাদিপশুর খামার স্থাপন-০১ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০, খামার পরিদর্শন-০৮টি, উঠান বৈঠকের আয়োজন-০৬ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ০, উন্নত জাতের ঘাসের চাষ-০১ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের অর্থের অনুকূলে ইউপি থেকে প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন চলমান। নির্বাহী প্রকৌশলীর কার্যালয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর এর ০৭-০৬-২০২৩ খ্রি তারিখের নিপ্র/ইইডি/মাদারীপুর/২০২৩-৬৬২৩ নং স্মারকের | উপজেলা পরিষদ চত্বরে অফিসার্স ডরমেটরীর দক্ষিণপার্শ্বের খালি স্থানে শিক্ষা প্রকৌশলের অফিস ভবন নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রমং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে রাজৈর উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এর একটি অফিস ভবন নির্মাণের জন্য ১৭৫০ বর্গফুট (৫০ ফুট  ৩৫ ফুট) জমি বরাদ্দ চেয়ে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে পত্র প্রেরণ করেছেন। এমতাবস্থায় জরুরীভিত্তিতে উপজেলা পরিষদ চত্বরে একটি স্থান নির্ধারণ করার জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি গৃহের কাজ ৯০% সমাপ্ত হয়েছে। ইশিবপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৫৫% কাজ সমাপ্ত হয়েছে। সাজ্জিরবাদ আফতাব উদ্দীন মিনা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়ন কেন্দ্রের ৯৮% কাজ সমাপ্ত হয়েছে। দ্রুত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে। ভূমি মন্ত্রণালয়ের (সিভিআরপি) প্রকল্পের আওতায় ২৬ টি গৃহের ২৫% কাজ সমাপ্ত হয়েছে। কবিরাজপুর শেখ বাড়ি সংলগ্ন খালের উপর ১৫ মিটার গার্ডার ব্রীজের কাজ দ্রুত শুরু হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, আগামী ২৪/০৭/২৩ তারিখ হতে ৩০/০৭/২৩ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হয়েছে। ক্ষতিকর জাল (চায়না জাল, বেহুন্দি জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর সভায় ২৬নং সাতবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন নির্মিত ওয়াসব্লকের সীমানার সাথে পারিবারিক কবরস্থান থাকায় কবরস্থানের পবিত্রতা নষ্টের আশংকা রয়েছে। এ কারনে উপজেলা পরিষদ হতে উভয় প্রতিষ্ঠানের মধ্যে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, ২০২৪ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে প্রাপ্ত পাঠ্যপুস্তক এর চাহিদা যথাসময়ে এনসিটিবি এর প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের প্রয়োজনীয় মেরামত না করার কারনে পানি পড়ে অফিসের ফার্নিচারসহ মূল্যবান যন্ত্রপাতী নষ্ট হয়ে যাচ্ছে। তাই দ্রুত মেরামত করা প্রয়োজন। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলার বর্তমান মাসে খাবার বড়ির মাসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৭২৪, ইনজেকটেবলস মাসিক লক্ষ্যমাত্রা-৭৬৬, অর্জন-২৮৪, কনডম মাসিক লক্ষ্যমাত্রা-২৮২, অর্জন-৭৮, আইইউডির মাসিক লক্ষ্যমাত্রা-৬০, অর্জন-০২, ইমপ্লান্টের মাসিক লক্ষ্যমাত্রা-৭৭, অর্জন-৮১ এবং স্থায়ী পদ্ধতির মাসিক লক্ষ্যমাত্রা-২০, অর্জন-১৪। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৮০১ জন মোট গ্রহণকারী-৩৭০৬৬ জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বয়স্ক, প্রতিবন্ধী, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। ভিক্ষুক পুনর্বাসন করার লক্ষে ভিক্ষুক বাছাই করে ইউনিয়নওয়ারী তালিকা প্রনয়ন করা হয়েছে। চূড়ান্ত বাছাই কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক, প্রতিবন্ধী, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা অতিরিক্ত বরাদ্দ প্রদানের লক্ষে আগামী ১০-০৯-২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন চলছে। সকল ইউনিয়নের সকল প্রকার ভাতার মৃত্যু প্রতিস্থাপন কাজ ও প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ ও নম্বর পরিবর্তনের কাজ চলমান রয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার | অনলাইন আবেদনের বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদনপত্র গ্রহণ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, নিয়মিত সমিতি/দলগঠন লক্ষমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা হবে। সদস্য/সদস্যা ভর্তি-১২ জন, শেয়ার আদায়-০.০৩ টাকা, সঞ্চয় আদায়-৩২.৭০ লক্ষ টাকা, ঋণ বিতরণ-২৫৮.৫৭ লক্ষ টাকা, ঋণ আদায়-২২৪.৫১ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১০৫ টি, গরু মোটাতাজাকরণ- ৭৮ টি, হাঁস মুরগি পালন- ১২০ টি, সবজি চাষ- ১৪৭ টি, ক্ষুদ্র ব্যবসা- ১২৩ টি ও কৃষি কাজ- ১১১ টি। সর্বমোট-৬৮৪ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, (১)বরাদ্দকৃতমোট ঋণ তহবিল (রাজস্ব)-২৫,৩৮,৮০০/-, (২) মোট ঋণ বিতরণঃ ৩,৪০,৬২,৫০০/-,(৩)আদায়যোগ্য আসল ৩,১১,৮৫,২৫৯/, (৪)আদায়কৃত আসল-৩,০৭,১৭,৮০৯/-, (৫)ক্রমপুঞ্জিত আদায়ের হার-৯৯.৪৯%,(৬)মোটঋণখেলাপী-২৭৮৩০৪/-,(৭)ঋণ খেলাপীর সংখ্যা-৩৪ জন,(৮)ঋণ গ্রহিতার সংখ্যা-১৩৪৩ জন,(৯) ২০২৩-২৪অর্থবছরে ঋণ গ্রহিতার সংখ্যা(পুঃ ০০+মঃ০০) =০০জন,যুব ঋণ বিতরণঃ ০০/-টাকা ও প্রশিক্ষণ (পুঃ ০০+মঃ ০০জন)= ০০ জন,(১০)ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ(পুঃ ২১৫৬+মঃ ৪১৭৬)=৬৩৩২জন, (১১)ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ১০৩৪+মঃ ১৯৯৯)= ৩০৩৩ জন,(১২)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণের বরাদ্দ মোট-২০,০০,০০০/-(১৩)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণ বিতরণ মোট- ৩৯,২০,০০০/-,(১৪) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়যোগ্য আসল মোট-৩৪,৩৮,১০০/-,(১৫) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়কৃতআসল মোট- ৩৪,৩৮,১০০/-, (১৬) আদায়ের হার- ১০০% (১৭) পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর কর্মীর সংখ্যা - ৩৫৫ জন,(১৮)২০২৩-২৪ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা-(পুঃ০০+মঃ০০)=০০ জন,(১৯) ক্রমপুঞ্জিত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৮৪+মঃ ১৭১)-৩৫৫ জন,(২০) মোট ঋণখেলাপী-০০, (২১)ঋণ খেলাপীর সংখ্যা-০০জন, (২২) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণের মোট বরাদ্দ-৪,০০,০০০/-(২৩)প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ মোট বিতরণ-৪,৫০,০০০/-,(২৪) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়যোগ্য আসল-৪,৫০,০০০/-,(২৫) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়কৃত আসল-৪১৪৮৩৩/-,(২৬) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়ের হার-৯২%,(২৭) মোট ঋণখেলাপী- ৩৫,১৬৭/-,(২৮)মোট ঋণখেলাপী সংখ্যা-০১জন, (২৯) প্রশিক্ষণজোরদারকরণ প্রকল্পের কর্মীর মোট সংখ্যা-১৫ জন, (২৮) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছর প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০)=০ জন,(২৯) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩)= ২২০০ জন, (৩০) প্রশিক্ষণ জোরদার-করণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০)=০ জন,(৩১) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ৪০৮ +মঃ ৭৫২)=১১৬০ জন,(৩২) নিবন্ধনকৃত যুব সংগঠনের মোট সংখ্যা-২৪টি, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ২২৮টি, পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লীউন্নয়ন প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ হয়েছে ১৩১টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ০৬টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৮৩৫২০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৮৩৫২০/- | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৭৯১৩৪/- এবং আদায় ৭৯১৩৪/- টাকা। গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৭৫.০০, ঋণ আদায়যোগ্য-৪৩৫.১২, আদায়যোগ্য হয়নি-৩৯.৮৮, ঋণ আদায়-২৭৪.৭১৪ এবং সার্ভিস চার্জ আদায়-৩৫.০৪৪/- টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | উপজেলা নির্বাচন অফিসার, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলায় জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সকল কার্যক্রম (নতুন ভোটার নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র সংশোধন ইত্যাদি) চলমান রয়েছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। এ প্রকল্পের কাজ এ পর্যন্ত ৬০% বাস্তবায়িত হয়েছে এবং কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৮৬ টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ২৮৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকূপের কাজ ৫২% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | গভীর নলকূপ স্থাপনকাজ দ্রুত সমাপ্ত করতে হবে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২৩-২৪ সনের জন্য ৫.০০ কিঃমিঃ সিডলিং বনায়নের প্রস্তাবিত স্থানের চাহিদাপত্র প্রেরণ করতে হবে। জনপ্রতিনিধিদের প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদান করে বন বিভাগের চর্তুপাশে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুরোধ করা হয়। সকলের সহযোগিতা কামনা করেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ফলজ ও শোভাবর্ধন গাছ রোপনের ব্যবস্থা গ্রহণকরাসহ দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ- ক) চাল ঃ ৯,৬৩০.০০০ মেঃ টন, খ) গম ঃ ১৮৫.০০০ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ৭২,৫০০ খানা। চলতি বছর বোরো চাল সংগ্রহ মৌসুমে রাজৈর উপজেলা হতে সর্বমোট বরাদ্দকৃত ০০০০০ মেঃ টন চালের লক্ষ্যমাত্রার বিপরীতে চুক্তিবদ্ধ মিলারের নিকট হতে এখন পর্যন্ত মোট ৬,১৭৬.০০০ মেঃ টন বোরো/২৩ সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। এ কার্যক্রম ৩১আগষ্ট/২৩ পর্যন্ত চলমান থাকবে। অবশিষ্ট সময়ের মধ্যে বরাদ্দকৃত সমুদয় চাল সংগ্রহ করা সম্ভব হবে বলে আশা করা যায়। সারা দেশে সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর/২৩ মাসে খাদ্যবান্ধব কর্মসূচী চলমান থাকবে। তবে উল্লেখ্য যে, চলতি আগষ্ট মাসে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল অগ্রীম (৩০+৩০) ৬০ কেজি করে ১৫ টাকা দরে বিলিবিতরণ করা হবে। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির যাচাইকৃত/ অনুমোদনকৃত ভোক্তাদের মাঝে এ চাল বিক্রয় করা হবে। গত মাস অর্থাৎ জুলাই/২৩ মাসের ন্যায় এ মাসেও সারা দেশে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে সরকার চাল বিক্রয়ের নির্দেশনা প্রদান করেছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০জন ভোক্তার মাঝে (১২,৭৪০৲ ৫)= ৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণের বরাদ্দ পাওয়া গেছে। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। এ উপজেলায় আগামী ২১/০৮/২০২৩ খ্রিঃ এবং ২৩/০৮/২০২৩ খ্রি তারিখ চাল বিক্রয় কার্যক্রম চলবে। এ কার্যক্রম বিশেষভাবে তদারকীর জন্য পৌর মেয়র এবং ইউনিয়ন চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। ছাড়পত্র না পাওয়ায় জুলাই/২৩ মাসের ভিডব্লিউবি এর খাদ্যশস্য বিলিবিতরণ করা হয়নি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে যোগাযোগ করে জানা যায় যে, তারা এখন পর্যন্ত ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ পাননি বিধায় ছাড়পত্র প্রেরণ করেননি। তবে চলতি আগষ্ট/২৩ মাসে জুন ও জুলাই/২৩ এ দুই মাসের ভিডব্লিউবি এর বরাদ্দ পেয়ে ছাড়পত্র প্রেরণ করবেন মর্মে অবহিত করেছেন। ইউনিয়ন চেয়ারম্যানগণ যাতে নিয়মিত ভিডব্লিউবি খাতের খাদ্যশস্য উত্তোলন ও বিলিবিতরণ করেন তার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | ফসলের হিসাব<br>০২টি প্রধান ফসল আউশ ও পাট ফসলের হিসাব প্রাক্কলনের কাজটি চলছে এবং অন্যান্য অপ্রধান ফসলের হিসাব প্রাক্কলন করে নির্ধারিত সময়ে জেলা অফিসে প্রেরণ করা হয়েছে।<br>চলমান জরিপ<br>রাজৈর উপজেলায় ০২ টিপিএসইউ এলাকায় এসভিআরএস নামক বিবিএস এর একটি জরিপ কাজের তথ্য সংগ্রহ চলছে। | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট। |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ২,৫০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। ঋণ আদায়ের পরিমান ১০৫.০৫/- (এক কোটি পাঁচ লক্ষ পাঁচ হাজার) টাকা ও ঋণ প্রদানের পরিমান ৯১,০০/- (একানব্বই লক্ষ) টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজৈর সভায় বলেন যে, ষষ্ঠ পর্যায়ের অনুমোদিত উপপ্রকল্পসমূহ এলজিইডি কর্তৃক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে আহবান করা হয়েছে এবং আগামী ০৩-০৯-২০২৩ খ্রি তারিখে টেন্ডার ওপেনিং হবে। যে সকল স্থানে নির্মানকাজ হবে সেখানে কোন পুরনো স্থাপনা থাকলে তা অপসারনের ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের নাগরিক সেবা প্রদানের জন্য কোন সিটিজেন চার্টার টাঙানো নেই। দ্রুত সিটিজেন চার্টার টাঙানোর অনুরোধ করেন। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইউডিএফ, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আওতায় পল্লী অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠিকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ, নারীর | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ প্রতি মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ক্ষমতায়ন এবং সদস্যদের পুঁজি গঠন করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭৩ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২৪০০ জন অর্জন ২২১৭ জন,ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-১০০০ জন অর্জন ৭৫৮ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-৪১৫.০০ লক্ষ, অর্জন ৪৬.৬০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-৩৮৫.০০ লক্ষ, অর্জন ২৯.৫৭ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত)-৪২.১৩ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২০৭.৬০ লক্ষ, আদায়ের হার ০০, (চলতি ঋণ)-৯৮%, সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ড চলতি বছর ২০০ জন অর্জন ৫০ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠণ-১২৩.৯২ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ২৭ | বিবিধ আলোচনা। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন টিআর, কাবিখা বাস্তবায়ন কার্যক্রম তদারকি করতে একটি কমিটি গঠন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈরকে অনুরোধ করেন। উপজেলা চেয়ারম্যানের বাসভবনের বাথরুম ও দরজা জানালা এবং রং করা হয়েছে। একাজে মোট ৩৫০০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত বকেয়া অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি মেরামত খাত হতে দ্রুত পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। আগামী মাসের ২য় সপ্তাহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা করা হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সকলের সমন্বয়ে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। জনপ্রতিনিধিদের সাথে মিলে মিশে কাজ করে সামগ্রিক উন্নয়ন করা সম্ভব। উপজেলা পরিষদ চত্বরে ছেলে মেয়েদের আড্ডা বসে। এরা উপজেলা সমাজসেবা অফিসের ওয়াইফাই ব্যবহার করে গেমস খেলে। অফিস ত্যাগের সময়ে ওয়াইফাই বন্ধ করতে হবে। নিয়মিত টহলের জন্য আনসারদের নির্দেশ দেয়া হয়েছে। প্রতি বছর ২৫ ফেব্রুয়ারি তারিখে "খ" শ্রেণির দিবস হিসেবে "জাতীয় স্থানীয় সরকার দিবস" পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ বছর ২৫ ফেব্রুয়ারি অতিক্রান্ত হওয়ায় আগামী ০৫ সেপ্টেম্বর-২০২৩ তারিখে দিবসটি পালন ও এ সংক্রান্ত যাবতীয় ব্যয় উপজেলা পরিষদের নিজস্ব তহবিল (রাজস্ব) হতে নির্বাহ করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে পত্র জারী করা হয়েছে। সেমোতাবেক এ দিবসের সরকার কর্তৃক নির্ধারিত সকল কর্মসূচী/অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ মিলনায়তনের পানির লাইন ও বৈদ্যুতিক মালামাল প্রয়োজনীয় মেরামত বাবদ ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় রাজৈর উপজেলায় পালিত হয়েছে। এ দিবস পালনে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ৩০০০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে পানির লাইন বৈদ্যুতিক ও রং করা হয়েছে। বর্ণিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার প্রস্তাব করেন।<br>উপজেলা ভাইস চেয়ারম্যান, রাজৈর সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজৈর কর্তৃক বাস্তবায়িত গভীর নলকূপ স্থাপন কাজের অগ্রগতি কম। মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সাবমার্সিবল নলকূপের স্থাপন কাজ সঠিকভাবে হয়নি। বিষয়টি তদারকি পূর্বক বাস্তবায়নের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈরকে অনুরোধ করা হয়।<br>উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, রাজৈর সভায় জানান যে, খালিয়া ইউনিয়নের সাতপাড় হতে নুরপুর পর্যন্ত রাস্তাটি খানা খন্দে ভরা। এ কারনে জনগণের স্বাভাবিক যাতায়াতে দুর্ভোগ পোহাতে হয়। বর্ষা মৌসুমে ঐ এলাকার কৃষকগণ তাদের জমির ফসল বাড়িতে নিয়ে আসতে নানাবিধ সমস্যায় পড়ে। দ্রুত এই রাস্তাটি কার্পেটিং করা | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মেরামত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রঃনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন এবং বৌলগ্রাম হিন্দুপাড়া রনজিৎ দত্ত (দর্জি) এর বাড়ির রাস্তায় বক্স কালভার্ট না থাকায় ঐ এলাকার সর্বসাধারণের যাতায়াতে মারাত্মক অসুবিধার সম্মুখিন হতে হয়। এ কারনে এখানে জরুরীভিত্তিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুরসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৭১৯

তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা .............................................. কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), ........................................ ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

(উপমা কাউসার)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।